

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১.৪ পেশাব-পায়খানার আদব প্রস্রাব-পায়খানা করবে সতর্কতার সাথে।

আনুল্লাহ ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত একটি হাদীসে এসেছে, একদিন রাসূলুল্লাহ (স) দুটি কবরের পাশ দিয়ে কোথাও যাচ্ছিলেন। এমন সময় সেখানে দাঁড়িয়ে রাসূলুল্লাহ (স) বলেছেন, এখানে দুজন কবরবাসীকে আযাব দেওয়া হচ্ছে। তবে তাদের এ আযাব কোন বড় ধরনের অপরাধের কারণে নয়; তাদের একজন সতর্কতার সাথে (অর্থাৎ আদবের সাতে) পেশাব করত না। অপরজন পরনিন্দা করে বেড়াত, (এতটুকুই ছিল তাদের অপরাধ। এ কথাটি বলার পর) তিনি একটি তাজা খেজুরের ডাল নিলেন এবং তা দুভাগে ভাগ করে দু'টা দুই কবরের মধ্যে পুঁতে দিলেন। এ ঘটনার পর সাহাবায়ে কিরাম তাকে জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ! এ কাজটি কেন করলেন? উত্তরে তিনি বললেন, আশা করা যায়, এতে তাদের শান্তি লাঘব করে দেওয়া হবে; যতদিন পর্যন্ত এগুলো শুকিয়ে না যায়। (বুখারী: ১৩৬১)

এ হাদীস দ্বারা প্রতীয়মান হয় যে, পেশাব-পায়খানায় যতুবান ও সতর্ক হওয়া সকলেরই অবশ্য কর্তব্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12752

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন